



শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
ভাতশালা, শেরপুর।



Telephone No-0931-61026, 61121, E-Mail-sherpurpbs@yahoo.com, WEB: www.pbs.sherpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৯৮৮.৫৬৩.০১.০৩৬.২১.২৭২৪

তারিখ : ১০/০৬/২০২১ খ্রিষ্টাব্দ।

বিষয় : কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RI:Q) টাকা রাখার “লোহার সিন্দুক/ভল্ট” সরবরাহের কোটেশন আহবান।”

দরপত্র : ২০/২০-২১

অত্র সমিতির নিজস্ব তহবিলের আওতায় নিম্নের বর্ণনা অনুযায়ী টাকা রাখার “লোহার সিন্দুক/ভল্ট” সরবরাহের নিমিত্তে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RI:Q) পদ্ধতির মাধ্যমে বাংলাদেশী প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠান এর নিকট হতে নিম্নোক্ত বিবরণ ও শর্তাবলী মোতাবেক প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	বিবরণ	ওজন	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০১	লোহার সিন্দুক/ভল্টঃ (টাকা রাখার জন্য) সাইজঃ (২৮" X ২৪" X ২০") পাকা লোহার তৈরি (নমুনা মোতাবেক)	৩৫০ কেজি	০৩ টি		
সর্বমোট =					

কথায় :

শর্তাবলী :

- কোটেশন আগামী ১৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, ভাতশালা, শেরপুর-এ রক্ষিত টেন্ডার বাঞ্ছা ফেলতে হবে।
- দাখিলকৃত দরপত্র সমূহ ঐ দিনই বেলা ১১:০৫ ঘটিকায় পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এবং শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, ভাতশালা, শেরপুর দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- “লোহার সিন্দুক/ভল্ট সরবরাহের কোটেশন” কথাটি খামের উপরে স্পষ্ট অক্ষরে লিখতে হবে। দরপত্রে উদ্ধৃত দর স্পষ্টাঙ্করে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি/ওভার রাইটিং গ্রহণযোগ্য হবে না। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশে উল্লেখিত তারিখের মধ্যে মালামাল নিজ খরচে সমিতিতে পৌঁছাতে হবে।
- দরদাতা প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর ও ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্রের সত্যায়িত ফটোকপি প্রদান করতে হবে।
- কার্যাদেশে বর্ণিত মালামাল নির্ধারিত সময়ে সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশের মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে জরিমানা আরোপযোগ্য হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশের মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। সময় বর্ধিত করা হলেও উক্তরূপে জরিমানা কর্তনযোগ্য হবে।
- সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক হিসাব খাতে প্রাপ্য চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই, এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই যে কোন/ সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

প্রকৌঃ মোঃ আলী হোসেন)

জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

- পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, টাকা (বর্ধিত তারিখে আপনার দপ্তরে দরপত্র গ্রহণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- জেলা প্রশাসক/পুলিশ সুপার, শেরপুর।
- মেয়র, শেরপুর পৌরসভা, শেরপুর।
- নিবাহী প্রকৌশলী, এলজিইডি, শেরপুর।
- নিবাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ, শেরপুর।
- নিবাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, জামালপুর
- সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস, ১/২/৩/৪।
- ডিজিএম(কারিগরী), শেরপুর পবিস।
- সহকারী জেনারেল ম্যানেজার(ওএন্ডএম/ইএন্ডসি/এমএস/অর্থ) শেরপুর পবিস।
- এজিএম(ওএন্ডএম), নকলা/নালিতাবাড়ী/শ্রীবরদী, শেরপুর পবিস।
- মেসার্স.....
- ওয়েব সাইট/নোটিশ বোর্ড, শেরপুর পবিস (সহঃ জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), শেরপুর পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- অফিস কপি/মাষ্টার কপি।

প্রকৌঃ মোঃ আলী হোসেন)

জেনারেল ম্যানেজার

D:\2020\ADMIN\01.036 (tender).doc

Page 86 of 89